



জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ, দক্ষিণ দিনাজপুর বিকল্প বিবাদ নিষ্পত্তি কেন্দ্র, জেলা আদালত চত্বর, বালুরঘাট, ৭৩৩১০১

দক্ষিণ দিনাজপুর জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের অফিস-এর জন্য একজন ক্যাজুয়াল সুইপার তথা সফাই কর্মী নিয়োগ করা হবে। নিচে প্রদত্ত নির্দিষ্ট দিনে তথ্য যাচাই এবং সশরীরে উপস্থিতির পর্যালোচনার মাধ্যমে এই নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ করা হবে। নিম্নলিখিত যোগ্যতা থাকলে উক্ত দিনে সশরীরে উপস্থিত হয়ে তথ্য যাচাই এবং কাজের নমুনা প্রদর্শনের মাধ্যমে যুক্ত হওয়ার প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারেন।

এই নিয়োগ সম্পূর্ণরূপে ক্যাজুয়াল এবং দৈনিক কাজের ভিত্তিতে মাসিক মজুরি প্রদান করা হবে। কোন নিয়োগপত্র এক্ষেত্রে প্রদান করা হবে না। যে দিনগুলিতে অফিস খোলা রয়েছে সেই দিনগুলিতে 404 টাকা দৈনিক মজুরি প্রদানের ভিত্তিতে মাসিক পারিশ্রমিক প্রতিমাসে প্রদান করা হবে। অতিরিক্ত কোন পারিশ্রমিক বা ভাতা প্রদান করা হবে না। অফিস দ্বারা সম্পূর্ণরূপে নিয়ন্ত্রিত এবং এক্ষেত্রে সরকারের দ্বারা নির্ধারিত বা নির্দেশিত কোনো নিয়ম সরাসরি প্রযোজ্য হবে না। সম্পূর্ণ কাজের সন্তুষ্টির ভিত্তিতেই নিযুক্ত ব্যক্তি তার কাজে বহাল থাকতে পারবে। কখনো কোনরূপ কাজে গাফিলতি দেখা দিলে বা অন্য কোন সমস্যা দেখা দিলে অফিস যে কোন মুহূর্তে উক্ত সফাই কর্মী তথা সুইপারকে এই কাজ থেকে বহিস্কার করতে পারবে এবং তার জন্য অফিস কোন রূপ জবাব দিতেও বাধ্য থাকবে না।

প্রক্রিয়াকরণের বা উপস্থিত হওয়ার নির্ধারিত দিন এবং সময়:- ২৫শে জুলাই ২০২৪ (বৃহস্পতিবার)
সকাল ১১টা।

নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য বিবরণাদি

পঞ্চায়েত প্রধানের বা কাউন্সিলারের কাছ থেকে প্রাপ্ত আসল বাসিন্দা সার্টিফিকেট, একটি ফটো আইডেন্টিটি কার্ড যেমন ভোটার বা আধার কার্ড (আসল এবং এক কপি জেরক্স সহ) 2 কপি বর্তমান রঙিন ছবি, অষ্টম শ্রেণী উত্তীর্ণ বা তদুর্ধ্ব শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র বা সার্টিফিকেট। এই কাজের কোনরূপ অভিজ্ঞতা থাকলে তার এক্সপেরিয়েন্স সার্টিফিকেট সঙ্গে আনতে হবে।

প্রার্থীকে অবশ্যই শারীরিক ও মানসিকভাবে সম্পূর্ণ সুস্থ হতে হবে।

প্রার্থীর বিরুদ্ধে কোনরূপ ফৌজদারী মামলা বিচারাধীন থাকলে বা কোনরূপ অপরাধের সঙ্গে প্রার্থীর নাম যুক্ত থাকলে আবেদন করতে পারবেন না।

নূনতম শিক্ষাগত যোগ্যতা:- অষ্টম শ্রেণি উত্তীর্ণ হতে হবে। বয়স:- 18 থেকে 40 বছর এর মধ্যে হতে হবে।

প্রার্থীকে অবশ্যই অফিসের সময় অনুযায়ী অর্থাৎ দশটা থেকে পাঁচটা পর্যন্ত কাজকর্ম করার সম্পূর্ণ মানসিকতা থাকতে হবে।

প্রার্থী নামে অবশ্যই একটি সক্রিয় একাউন্ট যেকোনো রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকে থাকা বাধ্যতামূলক।

প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে এবং দক্ষিণ দিনাজপুরের স্থায়ী বাসিন্দা হতে হবে।

প্রার্থী শুধুমাত্র সেই দিনগুলির জন্য নির্ধারিত পারিশ্রমিক বা মজুরির ভিত্তিতে মাসের শেষে পারিশ্রমিক পাবেন যে দিনগুলিতে অফিস খোলা রয়েছে।

অফিস ছুটি থাকলে বা প্রার্থী কোনদিন কাজে উপস্থিত না হলে তার কোন মজুরি বা পারিশ্রমিক প্রদান করা হবে না।


Chairman
District Legal Services Authority
Dakshin Dinajpur at Balurghat
19.07.2024